

অর্থ আইন, ১৯৯৬

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

১৯৯৬ সনের ১৮ নং আইন

[১০ সেপ্টেম্বর, ১৯৯৬]

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১।(১) এই আইন অর্থ আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

সংক্ষিপ্ত শিরোনামা ও
প্রবর্তন

(২) The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এবং উহার অধীনে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ১৯৯৬ সনের ১লা জুলাই তারিখ হইতে কার্যকর হইবে।

১ক। Succession Act, 1925 (XXXIX of 1925) এর section 379 এর পরিবর্তে নিম্নরূপ section 379 প্রতিস্থাপিত হইবে, যথা:-

Act XXXIX of
1925 এর section
379 এর প্রতিস্থাপন

"379-Mode of collecting court-fees on certificates.- (1) Every application for a certificate or for the extension of a certificate shall, subject to the provisions of sub-section (2), be accompanied by a deposit of a sum equal to the fee payable under the Court-fees Act, 1870 (VII of 1870), hereinafter referred in this section as the Court-fees Act, in respect of the certificate or extension applied for.

(2) Where an application for a certificate or for the extension of a certificate is made by a successor or an heir of the deceased the fee payable under the Court-fees Act, in respect of the certificate or the extension applied for, shall be deposited in the manner specified in sub-section (3).

(3) If the application is allowed,-

(a) in the case of an application made by a person other than a successor or an heir of the deceased, the sum deposited by the applicant shall be expended, under the direction of the Judge, in the purchase of the stamp to be used for denoting the fee payable under the Court-fees Act; and

(b) in the case of an application made by a successor or an heir of the deceased, the Judge shall direct that a sum equal to the fee payable under the Court-fees Act, in respect of the certificate or extension applied for, be deposited in the Government Treasury in cash, notwithstanding anything contained in section 25 of the said Act, out of the money or actionable claim which any bank, financial institution, post office or any other person or institution holds for or on behalf of the deceased and such bank, financial institution, post office or other person or institution shall deposit the sum accordingly under intimation to the Judge.

(4) Any sum received under sub-section (1) and not expended under sub-section (3) (a), shall be refunded to the person who deposited it.

Explanation.- For the purpose of this section, "financial institution" means a "আর্থিক প্রতিষ্ঠান" as defined in ধারা ২(ক) of অর্থ ঋণ আদালত আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪নং আইন)।"

Act I of 1944
এর সংশোধন

২। The Excises and Salt Act, 1944 (I of 1944) এর-

(১) Section 36B এর পর নিম্নরূপ Section 36C সন্নিবেশিত হইবে, যথা:-

"36C. Power to write off sums due to Government.-
When under this Act or the rules made thereunder a duty or any other money is payable to the Government by any person or a penalty is adjudged against any person and such duty, penalty or other sum has not been paid within the time it was required to be paid and the sum could not be recovered nor is recoverable from such person in the manner provided in section 11 due to bankruptcy or untraceability of such person or for any other reason, the Government may write-off such duty, penalty or other sum, wholly or partially as it deems fit."

(২) First Schedule এর PART II Services এর টেবিলের কলাম ১ এর Service Code S032.00 এর বিপরীতে কলাম 3 এর "Taka two hundred" শব্দগুলির পরিবর্তে "Taka ten thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।;

৩। (১) section 2 এর clause (s) এর দফা (b) তে উল্লিখিত “Taka two lakhs” শব্দগুলির পরিবর্তে “Taka ten lakhs” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

Customs Act,
1969 (IV of
1969) এর-সংশোধন

(২) section 7 এ উল্লিখিত “All officers of Excise, Police, and the Civil Armed Forces,” শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “All officers of Excise, Value Added Tax, Police, Civil Armed Forces, Income Tax, Scheduled Bank, Narcotics and liquor” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) section 99 এ “Collector” শব্দটির পরিবর্তে “Commissioner” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৪) section 102 তে “Collector” শব্দটির পরিবর্তে “Commissioner” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৫) section 119 এর পর নিম্নরূপ নূতন section 119A সন্নিবেশিত হইবে, যথা:-

“119A. Power to add, alter or relax the condition, etc.- The Government may, by notification in the *official Gazette*, add or alter any condition or requirement contained in any provision of this chapter, and if it considers expedient, relax any provision thereof, to meet any special requirement.”;

(৬) section 193C এর পরিবর্তে নিম্নরূপ section 193C প্রতিস্থাপিত হইবে, যথা:-

“193C. Appeal by the Commissioner against the certificate issued by any preshipment inspection agency.- (1) If the price or any other particular verified and certified by any preshipment inspection agency in accordance with the notification issued under section 25A appears unreasonable to the Commissioner on the basis of reliable and substantial evidences available to him, he may, after giving order for the provisional assessment of the subject goods on the basis of the certified price, prefer an appeal to the Appellate Tribunal constituted under section 196 within one month of the date of such order, explaining the reason of the certified price being unreasonable to him and the Appellate Tribunal may thereupon make such further inquiry as it considers necessary and after giving the Commissioner, the local representative of the concerned preshipment inspection agency and the importer an opportunity of being heard, if they so desire, pass such order as it thinks fit, including fixing the price of the subject goods for the purpose of final assessment.

(2) No fee shall be payable for an appeal under sub-section (1);”;

(৭) section 202 এর sub-section (1) এর-

(ক) clause (d) এ “Excise Officer” শব্দগুলির পর “and Value Added Tax Officer” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) clause (e) এর শেষে ফুলষ্টপের পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ clause (f) সংযোজিত হইবে, যথা:-

“(f) require, by a notice in writing, any Scheduled Bank having deposit of money of the person from whom such duty or regulatory duty or penalty or any other sum is recoverable or due to freeze the account or make the account inoperative on receipt of the notice.”;

Ordinance
XXXVI of 1984
এর সংশোধন

8। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর-

(১) section 11 এর-

(ক) sub-section (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(3) An accountant member shall be a person who is a Commissioner of Taxes or who has practised professionally for a period of not less than eight years as a chartered accountant or cost and management accountant or who has practised professionally for a period of not less than twenty years as an income tax practitioner within the meaning of section 174(2)(f)”;

(খ) sub-section (4) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (4) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(4) The Government shall appoint one of the members of the Appellate Tribunal to be the President thereof.”;

(২) section 28 এর sub-section (2) এর পর নিম্নরূপ sub-section (3) সংযোজিত হইবে, যথা:-

“(3) Notwithstanding anything to the contrary contained in any other provisions of this Ordinance, in the case of Bangladesh Shilpa Bank, Bangladesh Shilpa Rin Sangstha and any commercial bank including the Bangladesh Krishi Bank and Rajshahi Krishi Unnayan Bank, the income by way of interest in relation to such categories of bad or doubtful debts as the Bangladesh Bank may classify in this behalf, shall be chargeable to tax in the income year in which it is credited to its profit and loss account for that year or, as the case may be, in which it is actually received, whichever is earlier.”;

(৩) section 29 এর sub-section (1) এর clause (XViiiiaa) এর চতুর্থ proviso এর item (c) এর শেষ প্রান্তস্থিত সেমিকোলনের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নূতন proviso সংযোজিত হইবে, যথা:-

“Provided further that no deduction under this clause shall be allowed to an assessee if he avails himself of the computation of his income from interests on bad or doubtful debts under sub-section (3) of section 28.”;

(8) section 32 এর-

(ক) sub-section (1A) বিলুপ্ত হইবে;

(খ) sub-section (7) এর “other than bonus share of a company,” শব্দগুলি ও কমাটি বিলুপ্ত হইবে;

(গ) sub-section (8) এর “undertaking” শব্দটির পর “or in the acquisition of a new apartment to be used for residence under an agreement made between the assessee and a company or a co-operative society formed for the purpose of developing housing and real estate,” শব্দগুলি ও কমাটি সন্নিবেশিত হইবে;

(৫) section 35 এর sub-section (3) এর “and every registered firm whose capital on the last day of any income year was not less than five lakh taka,” শব্দগুলি ও কমাটি বিলুপ্ত হইবে;

(৬) section 46A এর sub-section (1) এর-

(ক) clause (a) এর “Dhaka and Chittagong divisions” শব্দগুলির পরিবর্তে “Dhaka, Chittagong and Sylhet divisions” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (b) এর পর নিম্নরূপ Explanation সংযোজিত হইবে, যথা:-

“Explanation.- For the purpose of this section, “industrial undertaking, tourist industry or physical infrastructure facility, herein called the said undertaking” includes expansion of an existing undertaking, if-

- (a) the expansion unit constitutes an identifiable unit for production or operation of similar or other goods or class of goods or services;
 - (b) it is not formed by splitting up or reconstruction of an existing business or by the transfer of machinery or plant of an existing business in Bangladesh to a new business; and
 - (c) the expansion unit has not applied for accelerated depreciation under paragraph 7 or 7A of the Third Schedule to this Ordinance.”;
- (৭) section 53C এর “public auction” শব্দগুলির পরিবর্তে “public auction through sealed tender or otherwise” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৮) section 75 এর sub-section (2) এর clause (d) এর “one lakh” শব্দগুলির পরিবর্তে “two lakh” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৯) section 82 এর “such return” শব্দগুলির পর “,and communicate the assessment order to the assessee within thirty days next following” কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (১০) section 82A এর-

(ক) “on the basis of such assessment” শব্দগুলির পরিবর্তে © “on the basis of such assessment, and communicate the assessment order to the assessee within thirty days next following” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) Clause (b) এর পরিবর্তে নিম্নরূপ Clause (b) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(b) the net accretion of his wealth, if he is required to submit statement of assets and liabilities under section 75(2) (d), alongwith his disclosed family expenses and taxes paid during the year, shall not exceed the income disclosed for the year and the income or receipt, if any, exempted from tax.”;

- (১১) section 83A এর sub-section (1) এর “on the basis of such assessment” শব্দগুলির পরিবর্তে “on the basis of such assessment, and communicate the assessment order to the assessee within thirty days next following” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে;
- (১২) section 84 এর “; and in the case of a firm, may refuse to register it or may cancel its registration if it is already registered” সেমিকোলন, শব্দগুলি ও কমার পরিবর্তে “, and communicate the assessment order to the assessee within thirty days next following” কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১৩) section 84A এর sub-section (2) এর শেষ প্রান্তস্থিত “assessment” শব্দটির পর “, and communicate the assessment order to the assessee within thirty days next following” কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (১৪) section 131A বিলুপ্ত হইবে;
- (১৫) section 149 এর “within thirty days” শব্দগুলির পরিবর্তে “within sixty days” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১৬) section 151 এর “claim for refund” শব্দগুলির পরিবর্তে “claim for refund or refund becoming due consequent upon any order passed in appeal or other proceeding under this Ordinance” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১৭) section 153 এর sub-section (3) এর-

(ক) clause (a) এবং clause (b) এর “has been paid” শব্দগুলির পরিবর্তে উভয় স্থানে “has been paid before filing the appeal” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) শর্তাংশের শেষ প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে, এবং তৎপর নিম্নরূপ নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“Provided further that the amendment made in clauses (a) and (b) of this sub-section by অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) shall take effect on the date on which the said অর্থ আইন is first published in the *Official Gazette*.”;

(১৮) section 158- এর sub-section (2) এর clause (a) এর "half the amount" শব্দগুলির পরিবর্তে "forty per cent of the amount" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৯) THE FIRST SCHEDULE এর PART B এর paragraph (1) এর clause (f) এর-

(ক) sub-clause (i) ও (ii) এর পরিবর্তে নিম্নরূপ sub-clause (i) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(i) a company, firm, other association of persons, a Hindu undivided family or an individual engaged in a business or profession the profits and gains whereof are assessable to tax under the head "Income from business or profession", maintaining a provident fund for the benefit of his or its employees; or";

(খ) sub-clause (iii) D³ clause এর sub-clause (ii) হিন্দু পুনঃসংখ্যায়িত হইবে;

(২০) THE SECOND SCHEDULE-এর paragraph 2-এর clause (b) এর "two years" শব্দগুলির পরিবর্তে "five years" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং উহা ১লা জুলাই, ১৯৯৫ তারিখে উক্তরূপ প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(২১) THE SIXTH SCHEDULE এর PART A এর-

(ক) paragraph 22 এর "new" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) paragraph 28 এর পর নিম্নরূপ নূতন paragraph 29 সংযোজিত হইবে, যথা:-

"29. Any income, not exceeding forty thousand taka, chargeable under the head "Agricultural income" of an assessee, being an individual, whose only source of income is agriculture."

১৯৯০ সনের ৪৪ নং
আইনের সংশোধন

৫। দানকর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪৪ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গ) দান যদি দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত নিম্নবর্ণিত কোন তহবিল বা প্রতিষ্ঠানকে করা হয়, যথা:-

(অ) বাংলাদেশে প্রচলিত কোন আইন দ্বারা প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত অথবা সরকার কর্তৃক স্বীকৃত বা পরিচালিত কোন পলিটেকনিক ইনস্টিটিউটসহ যে কোন শিক্ষা প্রতিষ্ঠান;

(আ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বা পরিচালিত অথবা সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের নিকট হইতে সাহায্যপ্রাপ্ত কোন হাসপাতাল;

(ই) সরকার কর্তৃক গঠিত বা অনুমোদিত কোন বন্যা বা দুর্যোগ মোকাবেলা তহবিল;

(ঈ) সাধারণ জনগণের কল্যাণার্থে পরিচালিত নয় এমন কোনও ব্যক্তিগত ধর্মীয় প্রতিষ্ঠান ব্যতীত, ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে বাংলাদেশে প্রতিষ্ঠিত ও সরকার কর্তৃক অনুমোদিত বা ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও প্রচলিত আইনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠানকে করদাতা কর্তৃক সংশ্লিষ্ট কর বৎসরের নিরূপিত মোট আয়ের ২০ শতাংশ বা ১ লক্ষ টাকা, এই উভয়ের মধ্যে যাহা কম হয়;।”

৬। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর-

১৯৯১ সনের ২২ নং
আইনের সংশোধন

(১) ধারা ২ এর-

(ক) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) উপকরণ (Input) অর্থ,

(অ) শ্রম, ভূমি, ইমারত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার কাঁচামাল, মোড়ক সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশ;

(আ) ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্য”;

(খ) দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে; যথা:-

“(খখ) “ব্যবসায়ী” বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি তৎকর্তৃক আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া পণ্যের বিনিময়ে বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তর করেন”;

(গ) দফা (ম) এর প্রথমবার উল্লিখিত “প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা কোন ব্যবসায়ী কর্তৃক আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) ধারা ৩ এর উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) মূল্য সংযোজন কর প্রদান করিবেন,-

- (ক) আমদানীকৃত পণ্যের ক্ষেত্রে, আমদানী পর্যায়ে আমদানীকারক;
- (খ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের ক্ষেত্রে, প্রস্তুতকরণ বা উৎপাদন পর্যায়ে সরবরাহকারী;
- (গ) সেবা প্রদানের ক্ষেত্রে, সেবা প্রদানকারী; এবং
- (ঘ) অন্যান্য ক্ষেত্রে, সরবরাহকারী।”;

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

(৩) ধারা ৫ এর উপ-ধারা (২) এর-

- (ক) “প্রস্তুতকারক বা উৎপাদক” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) “প্রস্তুতকারক বা উৎপাদকের” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ীর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) শেষ প্রাপ্তস্থিত দাঁড়িটির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, আমদানীকৃত উপকরণ ব্যবহারক্রমে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা আমদানীকৃত পণ্য বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের ক্ষেত্রে Customs Act এর Section 25 অথবা 25A রে মোতাবেক যে মূল্যের ভিত্তিতে ধারা ৯ অনুযায়ী উপকরণ কর রেয়াত গ্রহণ করা হয় সেই মূল্যের ভিত্তিতে সরবরাহকৃত পণ্যের মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য নিরূপণ করিতে হইবে।”;

এবং

(ঘ) পর নিম্নরূপ নূতন উপ-ধারা সংযোজিত হইবে, যথা:-

“(২ক)। কোন নিবন্ধিত ব্যক্তি যদি কন্ট্রোল বা সাব-কন্ট্রোল মাধ্যমে অন্য কোন ব্যক্তির উৎপাদিত পণ্য সংগ্রহপূর্বক তাহার নিজস্ব ব্রান্ড নামে সরাসরি বা নিজস্ব বিক্রয় কেন্দ্র বা ডিস্ট্রিবিউটর বা কমিশন এজেন্টের মাধ্যমে বিক্রয় করেন তাহা হইলে ব্রান্ড নামযুক্ত পণ্যটির ক্ষেত্রে ভোক্তার নিকট হইতে প্রাপ্য পণ্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর নিরূপণ করা হইবে।”;

(৪) ধারা ৬ এর-

দফা ৩/১

(ক) উপ-ধারা (২) এর “প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৫) আমদানী পর্যায়ে প্রদত্ত মূল্য সংযোজন কর ব্যতীত, পণ্য সরবরাহের এবং সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর, চলতি হিসাব ও দাখিল পত্রের মাধ্যমে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রদান করিতে হইবে।”;

(৫) ধারা ৭ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর “উৎপাদক কর্তৃক” শব্দগুলির পর “এবং করযোগ্য অন্যান্য পণ্যের ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৬) ধারা ৮ এর উপ-ধারা (১) এর “প্রস্তুতকারক বা উৎপাদক” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) ধারা ৯ এর-

(ক) উপ-ধারা (১) এর-

(অ) “উপ-ধারা (২)” শব্দটি, বন্ধনীগুলি ও সংখ্যাটির পরিবর্তে “উপ-ধারা (১ক) ও উপ-ধারা (২)” শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি ও অক্ষরটি প্রতিস্থাপিত হইবে;

(আ) “প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুত বা উৎপাদিত পণ্য বা আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য যে কোন ভাবে সংগৃহীত পণ্যের” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) পর নিম্নরূপ নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(১ক) যেক্ষেত্রে ধারা ৫ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী সেবা প্রদানের উপর মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে বা উক্ত ধারার উপ-ধারা (৭) এর বিধান অনুযায়ী পণ্য বা সেবার ট্যারিফ মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদান করা হয়, সেইক্ষেত্রে কোন উপকরণ রেয়াত প্রযোজ্য হইবে না।”;

(৮) ধারা ২৪-এ “বাংলাদেশ রাইফেলস,” শব্দগুলি ও কমাটির পরিবর্তে “বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ কোস্ট গার্ড,” শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

(৯) ধারা ২৬ এর উপ-ধারা (১) এর-

(ক) “নথিপত্র পরীক্ষা করিতে পারিবেন” শব্দগুলির পরিবর্তে “নথিপত্র ও বাণিজ্যিক দলিলাদি পরীক্ষা করিতে এবং প্রয়োজনবোধে উহা দাখিল করিবার নির্দেশদান করিতে বা আটক করিতে পারিবেন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) শেষ প্রাপ্তস্থিত দাঁড়িটির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, কমিশনার, নথিতে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক, প্রতিটি ক্ষেত্রে, সুপারিনটেনডেন্ট পদমর্যাদার নিম্নে নহেন, এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে পূর্ব-নোটিশ ব্যতিরেকে কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির ব্যবসায় স্থলে প্রবেশ করিয়া মজুদ পণ্য পরিদর্শন ও হিসাব পরীক্ষা করিবার লিখিত অনুমতি প্রদান করিতে পারিবেন; এবং অনুরূপ অনুমতিপ্রাপ্ত কর্মকর্তা পরিদর্শন সম্পন্ন হইবার আটচল্লিশ ঘণ্টার মধ্যে উক্ত পরিদর্শন সম্পর্কে কমিশনারের বরাবরে একটি লিখিত প্রতিবেদন দাখিল করিবেন এবং উহার একটি অনুলিপি একই সময়ের মধ্যে উক্ত নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির নিকট প্রেরণ করিবেন।”;

(১০) ধারা ৩৫ এর “প্রস্তুতকারক বা উৎপাদক” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) ধারা ৩৮ এর দফা (১) এর “প্রস্তুত বা উৎপাদন করেন” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুত বা উৎপাদন করেন বা করযোগ্য পণ্যের ব্যবসারে নিয়োজিত হন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১২) ধারা ৩৯ এর উপ-ধারা (২) এর শর্তাংশের “বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে,” শব্দগুলি ও কমাটি বিলুপ্ত হইবে;

(১৩) ধারা ৪২ এর উপ-ধারা (২) এর “অথবা যদি আপীলাত কর্তৃপক্ষ তাহাকে অনুরূপ অনুমতি দেন তবে আপীলটি বিবেচনার পূর্বে পরবর্তী যে কোন পর্যায়ে, সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট উক্ত দাবীকৃত কর বা আরোপিত অর্থদণ্ডের সমপরিমাণ অর্থ জমা করিতে হইবে:” শব্দগুলি, কমাটি ও কোলনটি এবং তৎপরবর্তী শর্তাংশগুলির পরিবর্তে “আপীলটি-

(ক) কমিশনার (আপীল) এর নিকট দায়ের করা হইলে, দাবীকৃত কর বা আরোপিত অর্থদণ্ডের পঁচিশ শতাংশ; এবং

(খ) Appellate Tribunal এর নিকট দায়ের করা হইলে, দাবীকৃত কর বা আরোপিত অর্থদণ্ডের পঞ্চাশ শতাংশ সরকারী ট্রেজারী বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট জমা করিতে হইবে” শব্দগুলি, বন্ধনীগুলি ও অক্ষরগুলি প্রতিস্থাপিত হইবে”;

(১৪) ধারা ৪৮ এর পর নিম্নরূপ নূতন ধারা “৪৮ক” সন্নিবেশিত হইবে, যথা:-

“৪৮ক। মূল্য সংযোজন কর কর্মকর্তাকে ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ।- এই আইন ও তদধীনে প্রণীত বিধিমালায় উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, Code of Criminal Procedure, 1898 (Act V of 1898), অতঃপর Code of Criminal Procedure বলিয়া উল্লিখিত, এর Section 36 এর অধীন ক্ষমতা প্রয়োগের জন্য সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার উপর Code of Criminal Procedure এর Schedule III তে বর্ণিত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করিতে পারিবে।”;

(১৫) ধারা ৫০ এ “Code of Criminal Procedure,” 1898 (Act V of 1898), অতঃপর Code of Criminal Procedure বলিয়া উল্লিখিত,” শব্দগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “Code of Criminal Procedure” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৬) ধারা ৫৬ এর-

(ক) উপ-ধারা (১) এর-

(অ) চতুর্থ লাইনে “মূল্য সংযোজন কর কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এর পঞ্চম লাইনের “পরিশোধ করার” শব্দগুলির পর “বা ক্ষেত্রমত উক্ত অর্থ যে ব্যক্তির নিকট হইতে প্রাপ্য সেই ব্যক্তির ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করার জন্য সংশ্লিষ্ট ব্যাংককে” শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(খখ) যদি সংশ্লিষ্ট ব্যাংক দফা (খ) এর অধীন প্রদত্ত নির্দেশ পালনে ব্যর্থ হয় তাহা হইলে ব্যর্থতার জন্য দায়ী কর্মকর্তা বা কর্মকর্তাগণের বেতন ভাতাদি উক্ত দফার অধীন নোটিশে উল্লিখিত অর্থ উপ-ধারা (৪) এর অধীনে আদায় না হওয়া পর্যন্ত বন্ধ করার উদ্দেশ্যে উক্ত ব্যাংক এর যথাযথ কর্তৃপক্ষকে নির্দেশ দান করিতে পারিবেন;”

(ঈ) দফা (চ) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন দফা (ছ) সংযোজিত হইবে, যথা:-

“(ছ) উক্ত অর্থ যদি কোন ব্যবসায় প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হইয়া থাকে এবং ব্যবসায় প্রতিষ্ঠানটি হস্তান্তরিত হইয়া থাকে তাহা হইলে উহা যে ব্যক্তির নিকট হস্তান্তরিত হইয়াছে সেই ব্যক্তির নিকট হইতে উক্ত অর্থ আদায় করিতে পারিবেন।”;

(খ) উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৩), (৪) ও (৫) সংযোজিত হইবে, যথা:-

“(৩) সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা উপ-ধারা (২) এর অধীনে এজিয়ার-সম্পন্ন জেলা কালেক্টরের নিকট সার্টিফিকেট প্রেরণ করার পর যে কোন সময় উহা সংশোধন বা প্রত্যাহার করিতে বা উহাতে উল্লিখিত অর্থ আদায়ের কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত প্রদান করিতে বা উহা বাতিলপূর্বক নূতন সার্টিফিকেট প্রেরণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কোন সার্টিফিকেট প্রত্যাহার করার পূর্বে সংশ্লিষ্ট জেলা কালেক্টর কর্তৃক উহাতে উল্লিখিত অর্থ আদায়ের কার্যক্রম শুরু করা হইয়াছে বা উক্ত অর্থ সম্পূর্ণ বা আংশিক আদায় করা হইয়াছে সেই ক্ষেত্রে সার্টিফিকেট প্রত্যাহার করা হয় নাই বলিয়া গণ্য হইবে।;

(৪) উপ-ধারা (১) এর দফা (খ) এর অধীন কোন নোটিশ প্রাপ্তির পর যদি সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যাংক কর্তৃপক্ষ উক্ত নোটিশে প্রদত্ত নির্দেশ পালনে ব্যর্থ হন তাহা হইলে উক্ত নোটিশে উল্লিখিত অর্থ উক্ত ব্যক্তি বা ব্যাংক কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত বকেয়া রাজস্ব পাওনা বলিয়া গণ্য হইবে এবং বকেয়া রাজস্ব হিসাবে উহা আদায়যোগ্য হইবে।

(৫) সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা যে কোন সময় উপ-ধারা (১) এর দফা (খ) এর আওতায় দাবীকৃত অর্থের পরিমাণ সংশোধন বা উহা পরিশোধের সময় বৃদ্ধি বা ইস্যুকৃত নোটিশ সংশোধন বা তাহা বাতিল করিতে বা উক্ত অর্থ আদায়ের কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ প্রদান করিতে পারিবেন।”;

(১৭) ধারা ৭০ এর “৬৭” সংখ্যাটির পরিবর্তে “১৩” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;

(১৮) ধারা ৭১ এর পর নিম্নরূপ নূতন ধারা “৭১ক” সন্নিবেশিত হইবে, যথা:-

৭১ক। সরকারী পাওনা অবলোপনের ক্ষমতা।- যে ক্ষেত্রে কোন ব্যক্তির দেউলিয়াত্ব অথবা কোন প্রতিষ্ঠানের অস্তিত্ব বিলোপ বা অন্য কোন কারণে এইরূপ নিশ্চিত হওয়া যায় যে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর ধার্যকৃত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক কর কিংবা আরোপিত কোন অর্থদণ্ড কিংবা এই আইন বা তদধীনে প্রণীত বিধিমালার অধীনে সম্পাদিত কোন মুচলেকা বা অন্য কোন দলিলের অধীনে দাবীকৃত কোন অর্থ এই আইনের ধারা ৫৬ এর অধীনে আদায় করা সম্ভব নয়, সেই ক্ষেত্রে সরকার উক্ত সরকারী পাওনা অবলোপন (Write off) করিতে পারিবে।”;

(১৯) ধারা ৭২ এর উপ-ধারা (২) এর-

(ক) দফা (খ)-এর “স্থান” শব্দটির পর “বা ব্যবসায় স্থল” শব্দগুলি সন্নিবেশিত হইবে।;

(খ) দফা (ঘ) এর-

(অ) “উৎপাদনে” শব্দটির পর “বা সরবরাহে” শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(আ) “প্রস্তুতকরণ বা উৎপাদনের স্থানে” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকরণ বা উৎপাদনের স্থানে বা ব্যবসায় স্থানে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (জ) এর “প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের” শব্দগুলির পরিবর্তে “প্রস্তুতকৃত বা উৎপাদিত বা আমদানীকৃত, ত্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(২০) দ্বিতীয় তফসিলের, শিরোনামা সংখ্যা S০৩১ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ড্রিসমূহের পর নিম্নলিখিত শিরোনামা, সংখ্যা ও এন্ড্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

S০৩২ S০৩২.০০ কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম:

ব্যাখ্যা:

“কনসালটেন্সী ফার্ম বা সুপারভাইজরী ফার্ম” অর্থ পণ্যের বিনিময়ে যে কোন পরামর্শক-সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কোন সম্ভাব্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন বা পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন অথবা উহা বাস্তবায়নের তদারকি করেন।

- S033 S033.00 **ইজারাদার:**
ব্যাখ্যা:
 “ইজারাদার” অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
- S038 S038.00 **অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম:**
ব্যাখ্যা:
 “অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম” অর্থ পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বার্ষিক বা কোন নির্দিষ্ট মেয়াদের আয়-ব্যয় নিরীক্ষা অথবা হিসাব পরীক্ষা বা সংরক্ষণের কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
- S035 S035.00 **শিপিং এজেন্ট:**
ব্যাখ্যা:
 “শিপিং এজেন্ট” অর্থ Customs Act, 1969 এর ধারা ২ এ সংজ্ঞায়িত Conveyance-এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোন বিদেশী শিপিং লাইনের স্থানীয় এজেন্ট ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

(২১) তৃতীয় তফসিলের পরিবর্তে এই বিলের দ্বিতীয় তফসিলে বর্ণিত তফসিল প্রতিস্থাপিত হইবে।

আয়কর

৭। (১) উপ-ধারা (২), (৩) এবং (৪) এর বিধানাবলী সাপেক্ষে, ১৯৯৬ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে প্রথম তফসিলে নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে।

(২) ১৯৯৬ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে কোন করদাতার, বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত, মোট আয়ের মধ্যে যদি যাত্রীবাহী লঞ্চ হইতে লব্ধ মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে ঐ মুনাফার উপর আরোপনযোগ্য আয়কর ৫০% হারে হ্রাস করা হইবে।

(৩) ১৯৯৬ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে বাংলাদেশে নিবাসী কোন করদাতা যদি বাংলাদেশের বাহিরে উদ্ধৃত কোন আয় সরকারী মাধ্যম (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রিত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৪) যেহেতু অনিবাসী করদাতার বাংলাদেশের বাহিরে উদ্ধৃত আয়ের উপর কোন কর দিতে হয় না, সেইহেতু ১৯৯৬ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে কোন অনিবাসী করদাতা যদি বাংলাদেশের বাহির হইতে কোন অর্থ সরকারী মাধ্যম (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রিত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ বিনিয়োগকৃত অর্থের উপরও কোন আয়কর প্রদেয় হইবে না।

(৫) যে সকল ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SECOND SCHEDULE (মূলধনী মুনাফা ও লটারী আয় সংক্রান্ত) প্রযোজ্য হইবে সে সকল ক্ষেত্রে আরোপনযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৬) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্তে প্রথম তফসিলে (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ১৯৯৬ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ এবং ১৯৯৭ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৭) এই ধারায় এবং এই ধারার অধীনে আরোপিত কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত "মোট আয় (total income)" বলিতে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত "মোট আয় (total income)" বুঝাইবে।

প্রথম তফসিল
[ধারা ৭ দ্রষ্টব্য]
আয়করের হার

ক। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ উল্লিখিত প্রত্যেক ব্যক্তি-করদাতা হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে - সে সকল ক্ষেত্রে "খ" অনুচ্ছেদ প্রযোজ্য নহে -

	হার
(১) প্রথম ৬০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(২) পরবর্তী ৭৫,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫% অথবা ১২০০ টাকা, এর মধ্যে যেইটি অধিক হয়।
(৩) পরবর্তী ১,৬০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
(৪) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%:

তবে শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা ন্যূনতম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটিরশিল্পের মালিক হন এবং উক্ত কুটিরশিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটিরশিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন:-

	রেয়াতের হার
(অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে,	সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;
(আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়,	সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%।

ব্যাখ্যা।-এই অনুচ্ছেদে ব্যবহৃত "স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)" এবং "ন্যূনতম উন্নত এলাকা (Least Developed Area)" বলিতে ঐ সকল স্থান বুঝাইবে যাহা S.R.O. 411-L/85 এবং S.R.O. 412-L/85, তারিখ ২২শে সেপ্টেম্বর, ১৯৮৫ এবং এস, আর, ও নং ৩৪২-আইন/৯০, তারিখ ৩০শে সেপ্টেম্বর, ১৯৯০ তে নির্দিষ্ট করা হইয়াছে।

খ। কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাঁহাদের ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর -

(ক) নিম্নে দফা (খ) তে বর্ণিত কোম্পানীসমূহের ক্ষেত্রে ব্যতীত,-

হার

(অ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে যাহা উক্ত আয়ের ৩৫%
publicly traded company,

(আ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে যাহা উক্ত আয়ের ৪০%
publicly traded company নহে,

(খ) ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ এবং উক্ত আয়ের ৪৫%
স্থানীয় কর্তৃপক্ষসহ Income Tax
Ordinance, 1984 এর section 2 এর
clause (20) এর sub-clause (a), (b),
(bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য
কোম্পানীর ক্ষেত্রে,

(২) Companies Act, 1913 (VII of 1913) উক্ত আয়ের ১৫%।
অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং
আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন
কোম্পানী অথবা জাতীয় সংসদের আইন অনুযায়ী গঠিত
সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৯৪৭ সালের ১৪ই
আগষ্টের পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত অংশ-
পুঞ্জির উপরে ঘোষিত এবং পরিশোধিত ডিভিডেন্ড
আয়ের উপর,

ব্যাখ্যা।-এই অনুচ্ছেদে ব্যবহৃত “publicly traded company”
বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানী বুঝাইবে যাহা নিম্নবর্ণিত শর্ত
পূরণ করে :-

(ক) সংশ্লিষ্ট আয় বৎসরের সমাপ্তিতে পরিশোধিত মূলধনের অন্ততঃ এক-তৃতীয়াংশ
ইহার উদ্যোক্তা ও পরিচালকমণ্ডলীর সদস্য ব্যতীত অন্যান্যদের মালিকানায়
থাকিতে হইবে এবং এই মর্মে উক্ত কোম্পানীর চার্টার্ড একাউন্টেন্টের
প্রত্যায়নপত্র দাখিল করিতে হইবে;

(খ) উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণ বেনামীতে কোন শেয়ার ক্রয় করিতে পারিবেন না;

(গ) যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসরের সমাপ্তির পূর্বে কোম্পানীটির শেয়ার ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইতে হইবে।

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী এইরূপ হার
ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে, উক্ত আয়ের ২৫%।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd